উপরিচিত্র

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল ব্যবস্থার গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচির ভর্তি প্রক্রিয়ায় স্বাগতম। এই হ্যান্ডবুকটিতে গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে গৃহীত হওয়ার পরীক্ষা প্রক্রিয়া, মূল্যায়ন, যোগ্যতার শর্ত, প্লেসমেন্ট, এবং পরীক্ষায় প্রস্তুতিগ্রহণের তথ্য রয়েছে। আমরা আশা করছি এই হ্যান্ডবুক আপনার এবং আপনার পরিবারের জন্য একটি কার্যকর উপকরণ হবে।

আমাদের পরামর্শ সারা বছর হালনাগাদ তথ্যের জন্য আপনি www.nyc.gov/schools/gt ঠিকানায় গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড অ্যাডমিশন্স-এর ওয়েবসাইট দেখবেন। আপনার কোন প্রশ্ন থাকলে 718-935-2009 নম্বরে স্টুডেন্ট এনরোলমেন্ট অফিসে ফোন করবেন।

জিঅ্যান্ডটি কর্মসূচি গুরুত্বপূর্ণ তারিখ

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (ডিওই) বুদ্ধিগত অগ্রগতি ও স্কুল প্রস্তুতি যাচাইয়ের লক্ষ্যে গৃহীত দুটি পরীক্ষায় মিলিতভাবে ৯০তম পার্সেন্টাইল বা তার উপরে নম্বর পাওয়া শিক্ষার্থীদের জন্য গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (জিঅ্যান্ডটি) কর্মসূচি প্রদান করে। জিঅ্যান্ডটি কর্মসূচিগুলোতে শিক্ষার্থীরা সমধরনের শিক্ষার্থীদের সাথে একক্লাসে বসে এবং সব পাঠ্যবিষয়ে যথাযথ নির্দেশন লাভ করে। জিঅ্যান্ড টি কর্মসূচির জন্য দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের প্রতি ডিওই-র পরামর্শ, চাহিদানুগ নির্দেশন দিন, যথাযথ মানোন্নয়নের সুযোগ জোগান, পাঠক্রম বাহুল্যবর্জিত করুন এবং/অথবা বিষয়বস্তু ত্বরায়িত করুন।

যোগ্যতা

নিউ ইয়র্ক সিটির বর্তমান অধিবাসী প্রি-কিন্ডারগার্টেন থেকে দ্বিতীয় গ্রেড পর্যন্ত সব শিক্ষার্থী (যাদের জন্ম ২০০৭, ২০০৬, ২০০৫, ২০০৪) পরীক্ষা দেয়ার জন্য যোগ্য।

পরীক্ষার জন্য অনুরোধ

আপনার সন্তানের(সন্তানদের) ২০১২-২০১৩ জিঅ্যান্ডটি কর্মসূচির জন্য যোগ্যতা অর্জনে আপনাকে অবশ্যই **শুক্রবার ২৮ অক্টোবর ২০১১ তারিখের মধ্যে একটি রিকোয়েস্ট ফর টেস্টিং ফরম জমা দিতে হবে।**

জিঅ্যান্ডটি কর্মসূচির সুযোগ

জিঅ্যান্ডটি কর্মসূচি নিউ ইয়র্ক সিটির বেশ কিছুসংখ্যক স্কুলে প্রদান করা হয়। ২০১১-২০১২ স্কুলবছরে জিঅ্যান্ডটি কর্মসূচি প্রদান করছে এমন স্কুলগুলোর তালিকা এই হ্যান্ডবুকের ৯-১১ পৃষ্ঠায় সন্নিবেশিত হয়েছে। পরীক্ষায় ৯০তম পার্সেন্টাইল বা তার বেশি নম্বর পাওয়া শিক্ষার্থীরা ডিস্ট্রিক্ট জিঅ্যান্ডটি কর্মসূচিগুলোর জন্য যোগ্য। ডিস্ট্রিক্ট কর্মসূচিগুলো শুধু নির্দিষ্ট ডিস্ট্রিক্টে বসবাসকারী শিক্ষার্থীদেরই ভর্তি করে থাকে। পরীক্ষায় ৯৭ পার্সেন্টাইল বা তার বেশি নম্বর পাওয়া শিক্ষার্থীরা ডিস্ট্রিক্ট ও সিটিওয়াইড জিঅ্যান্ডটি কর্মসূচিতে স্থানলাভের যোগ্য। সিটিওয়াইড কর্মসূচিতে নিউ ইয়র্ক সিটির যে কোন ডিস্ট্রিক্টের শিক্ষার্থী ভর্তি হতে পারে।

গুরুত্বপূর্ণ তারিখ

দ্রষ্টব্য: ১৬ জানুয়ারি মার্টিন লুথার কিং, জুনিয়র ডে উপলক্ষে স্কুল বন্ধ।

২৬ সেপ্টেম্বর ২০১১	পরিবারসমূহে রিকোয়েস্ট ফর টেস্টিং (আরএফটি) ফরম জমা দেয়া শুরু করতে পারবে
২৮ অক্টোবর ২০১১	রিকোয়েস্ট ফর টেস্টিং (আরএফটি) ফরম জমাদানের শেষ দিন
২৬ সেপ্টেম্বর-২১ অক্টোবর ২০১১	কম্যুনিটি তথ্য অধিবেশন তারিখ ও সময়ের জন্য অনুগ্রহ করে 718-935-2009 নম্বরে ফোন করুন অথবা www.nyc.gov/schools/gt ওয়েবসাইট দেখুন।
৩ জানুয়ারি-১০ ফেব্রুয়ারি ২০১২	**বর্তমান পাবলিক স্কুলের কে-২ গ্রেডের শিক্ষার্থীদের জন্য** স্কুলকেন্দ্রে অলস্যাট/বিএসআরএ পরীক্ষা
৭, ৮, ১৪, ১৫, ২১, ২২, ২৮ ও ২৯ জানুয়ারি; ৪ ও ৫ ফেব্রুয়ারি ২০১২	**বর্তমান পাবলিক স্কুল এবং বেসরকারি স্কুলের কে-২ গ্রেডের শিক্ষার্থীদের জন্য** স্কুলকেন্দ্রে অলস্যাট/বিএসআরএ পরীক্ষা পাবলিক স্কুলের শিক্ষার্থীদের জন্য স্কুলকেন্দ্রে অলস্যাট/বিএসআরএ পরীক্ষা
মধ্য-এপ্রিল ২০১২	যোগ্য শিক্ষার্থীদেরকে তাদের প্রাপ্ত নম্বর এবং যেসব জিঅ্যান্ডটি ক্লাসে তারা ভর্তি হওয়ার যোগ্য, জানিয়ে দেয়া হবে
২০ এপ্রিল ২০১২	আবেদনপত্র জমা দেয়া
২১ মে ২০১২	পিতামাতাদেরকে ভর্তির প্রস্তাব জানানো হবে ভর্তির প্রস্তাব পিতামাতাদের গ্রহণ/বর্জন
৪ জুন ২০১২	ভর্তির প্রস্তাব পিতামাতাদের গ্রহণ/বর্জনের ডেডলাইন

পরীক্ষার তথ্যের জন্য অনুরোধ

আপনি যদি আপনার সন্তানকে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল জিঅ্যান্ডটি কর্মসূচিতে ভর্তি করতে আগ্রহী হয়ে থাকেন, তাহলে আপনাকে অবশ্যই একটি রিকোয়েস্ট ফর টেস্টিং (আরএফটি) ফরম পূরণ করে নিচের দুটির কোন একটি উপায়ে জমা দিতে হবে:

- **অনলাইন:** অনলাইনে রিকোয়েস্ট ফর টেস্টিং ফরম (আরএফটি, পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনপত্র) পূরণ করতে মাত্র কয়েক মিনিট লাগে এবং এটি পাওয়া যাবে http://schools.nyc.gov/ChoicesEnrollment/applyonline ওয়েবসাইটে। যেসব পরিবার অনলাইনে আবেদন করবেন তারা ই-মেইলে একটি নিশ্চিতকরণ বিজ্ঞপ্তি পাবেন যাতে বলা থাকবে যে তাদের আবেদন জমা পড়েছে। **পরিবারগুলোকে পরামর্শ দেয়া হচ্ছে তারা যেন তাদের রেকর্ডে রাখার জন্য কনফারমেশন ই-মেলটি সংরক্ষণ বা প্রিন্ট করেন।** যেসব পরিবারের কমপিউটার নেই অথচ অনলাইনে আরএফটি পূরণ করতে আগ্রহী, তারা তা যে কোন পাবলিক লাইব্রেরিতে গিয়ে তা করতে পারেন। আপনার নিকটস্থ পাবলিক লাইব্রেরির ঠিকানা জানতে 311 নম্বরে ফোন করুন।

- **ব্যক্তিগতভাবে:** আপনি যদি অনলাইনে আরএফটি জমা দিতে অসমর্থ হন, তাহলে আপনাকে সংযুক্ত রিকোয়েস্ট ফর টেস্টিং ফরমটি পূরণ করতে হবে। পাবলিক স্কুলের পরিবাগুলোকে তাদের স্কুলেই ফরম জমা দিতে হবে; প্রাইভেট স্কুলের পরিবারগুলো ফরম জমা দেবেন তাদের স্থানীয় এনরোরমেন্ট অফিসে (নিচে দেকুন)। ফরম জমা দেয়ার পর **অনুগ্রহ করে আপনার স্কুল অথবা এনরোলমেন্ট অফিস থেকে রসিদ চেয়ে নেবেন।**

ডাকযোগে জমা দেয়া আরএফটি ফরম গৃহীত হবে না।

সন্তানপ্রতি আপনি <u>**শুধু**</u> একটি ফরম জমা দেবেন।

এনরোলমেন্ট অফিসগুলোর ঠিকানা নিচে দেয়া হলো। অফিসগুলো সাধারণত সোমবার থেকে শুক্রবার সকাল ৮:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত খোলা থাকে। বরো এনরোলমেন্ট অফিস সম্পর্কে কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে 718-935-2009 নম্বরে ফোন করুন।

বরো	এনরোলমেন্ট অফিস
ব্রংক্স	1 Fordham Plaza, 7th Floor Bronx, NY 10458
	1230 Zerega Avenue Bronx, NY 10462
ব্রুকলিন	1780 Ocean Avenue Brooklyn, NY 11230
	415 89th Street Brooklyn, NY 11209
	29 Fort Greene Place Brooklyn, NY 11217
	1665 St. Mark's Avenue Brooklyn, NY 11233

বরো	এনরোলমেন্ট অফিস
ম্যানহ্যাটন	333 Seventh Avenue, 12th Floor New York, NY 10001
	388 West 125th Street, 7th Floor New York, NY 10027
কুইন্স	28-11 Queens Plaza North Long Island City, NY 11101
	30-48 Linden Place Flushing, NY 11354
	90-27 Sutphin Boulevard Jamaica, NY 11435
স্ট্যাটেন আইল্যান্ড	715 Ocean Terrace, Building A Staten Island, NY 10301

যদি ২৮ অক্টোবর ২০১১ ডেডলআনের মধ্যে আরএফটি ফরম জমা দেয়া শিক্ষার্থীদেরই কেবল পরীক্ষা নেয়া হবে।

মনে করে রসিদ নেবেন; যদি আপনার আরএফটি পাওয়া না যায়, তাহলে পরীক্ষা প্রক্রিয়ায় অংশ নিতে হলে আপনাকে প্রমাণ দেখাতে হবে যে ফরম ঠিকসময়ে জমা দেয়া হয়েছিল।

আপনি যদি বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে বসবাস না করেন, কিন্তু আপনার পরিবার আরএফটি জমা দেয়ার ডেডলাইনের পর এখানে আসছেন, আপনি নিউ ইয়র্ক সিটিতে স্থায়ীভাবে বসবাস শুরু করার আগে অ্যাপ্লিকেশন পূরণ করতে বা পরীক্ষা দিতে পারবেন না। নিউ ইয়র্ক সিটিতে স্থায়ীভাবে বসবাস শুরু করার পর অনুগ্রহ করে এনরোলমেন্ট অফিসে গিয়ে একজন কর্মচারীর সাথে যোগাযোগ করুন। নিউ ইয়র্ক সিটির নয়া বাসিন্দাদের জন্য সামারে একটি পরীক্ষা নেয়া হবে (যারা ফল আরএফটি ডেডলাইনের পর এসেছে)।

মূল্যায়নের তথ্য

পরীক্ষার তারিখ	
নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল শিক্ষার্থী বর্তমানে কে-২ গ্রেডে পড়ছে	৩ জানুয়ারি-১০ ফেব্রুয়ারি ২০১২
• বর্তমানে ডিওই প্রি-কে শিক্ষার্থী • বর্তমানে নিউ ইয়র্ক সিটির বাসিন্দা নন-পবলিক স্কুল শিক্ষার্থী	উইকঅ্যান্ড ৭, ৮, ১৪, ১৫, ২১, ২২, ২৮ ও ২৯ জানুয়ারি ২০১২ ৪ ও ৫ ফেব্রুয়ারি ২০১২

দ্রষ্টব্য: স্কুল ১৬ জানুয়ারি মার্টিন লুথার কিং, জুনিয়র ডে উপলক্ষে স্কুল ছুটি থাকবে।

আপনার সন্তান বর্তমানে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল শিক্ষার্থী হলে তার স্কুল আপনাকে পরীক্ষার তারিখ ও সময় অবহিত করবে। পরীক্ষা অনুষ্ঠিত হবে স্কুলে (স্কুল চলাকালে) অথবা উইকঅ্যান্ডে। প্রতিটি এলিমেন্টারি স্কুল উপরোক্ত নির্দেশনা অনুসরণ করে পরীক্ষার সুনির্দিষ্ট কর্মসূচি ঠিক করবে।

আপনার সন্তান বর্তমানে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল শিক্ষার্থী না হলে ডিওই আপনাকে পরীক্ষার স্থান, তারিখ ও সময় অবহিত করবে। আপনি আরএফটি ফরম অনলাইনে জমা দিয়ে থাকলে ইমেইল এবং ইউএসপিএস ডাক মারফত জানান হবে। আপনি সশরীরে গিয়ে আরএফটি ফরম জমা দিয়ে থাকলে কেবল ইউএসপিএস ডাক মারফত আপনাকে জানান হবে।

প্রি-কে পরিবারগুলোর জন্য দ্রষ্টব্য: সব প্রি-কিন্ডারগার্টেন পরীক্ষা কেন্দ্রীয় উইকঅ্যান্ডের নির্দিষ্ট কেন্দ্রে স্থানান্তরিত হয়েছে। পরীক্ষার জন্য অনুরোধকৃত প্রি-কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের পিতামাতাদেরকে পরীক্ষার তারিখ ও স্থান পছন্দের সুযোগ দেয়া হবে। যদি কোন কারণে উইকঅ্যান্ডে তারিখ দেয়া সম্ভব না হয় তাহলে অনুগ্রহ করে অ্যাপ্লিকেশন পুরণ করে 212-374-6646 নম্বরে অথবা OAservicedesk@schools.nyc.gov ঠিকানায় অ্যাকাউন্টেবিলিটি ডেস্কের সাথে যোগাযোগ করুন।

মূল্যায়ন: ডিওই জাতীয়ভাবে বিভিন্ন ডিস্ট্রিক্টে ব্যবহার করা হয়েছে এমন দুটি মূল্যায়ন উপকরণ ব্যবহার করবে। প্রত্যেক শিক্ষার্থীর বুদ্ধিমত্তা যাচাই ও স্বনিয়ন্ত্রিত গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কর্মসূচিতে অংশ নিলে কারা উপকৃত হবে তা যথাযথ ও ভারসাম্যপূর্ণ উপায়ে নিরূপণে ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট (অলস্যাট) ও ব্র্যাকেন স্কুল রেডিনেস অ্যাসেসমেন্ট (বিএসআরএ) একত্রে ব্যবহার করা হবে। পিয়ার্সন অ্যাসেসমেন্টস কাছ থেকে ট্রেনিং পাওয়া এনওয়াইসি সার্টিফায়েড/লাইসেন্সড শিক্ষকেরা পরীক্ষা পরিচালনা করবেন।

এসব পরীক্ষা ও নমুনা প্রশ্ন এই হ্যান্ডবুকের পেছনের অংশে দেয়া হয়েছে।

ইংরেজি ব্যতীত অন্য ভাষায় পরীক্ষা: লিমিটেড ইংলিশ প্রফিশিয়েন্ট (ইংরেজিতে সীমিত দক্ষতাবিশিষ্ট, এলইপি) প্রি-কিন্ডারগার্টেন ও কে-২ গ্রেডের শিক্ষার্থীদের মধ্যে বিধিবব্ধ এলইপি পরিসেবা লাভকারী শিক্ষার্থীদের জন্য নিউ ইয়র্ক সিটি ডিওই জিঅ্যান্ডটি অ্যাসেসমেন্ট প্রোগ্রাম-এর উপকরণ পাওয়া যাবে। বিকল্প ভাষায় পরীক্ষার ব্যবস্থা রয়েছে আরবি, বাংলা, চায়নিজ (ক্যান্টোনিজ ও ম্যান্ডারিন), ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রেওল, কোরিয়া, রাশিয়ান, স্পানিশ ও উর্দু ভাষা গ্রহণ করা হবে।

পরীক্ষার প্রস্তুতি: পরিবারগুলো তাদের সন্তানদের জিঅ্যান্ডটি পরীক্ষার জন্য প্রস্তুতি গ্রহণে অনেকভাবেই সাহায্য করতে পারেন। অলস্যাট ও বিএসআরএ পরীক্ষা দেয়ার আগে শিক্ষার্থীরা যাতে পর্যাপ্ত ঘুম ঘুমায় ও পুষ্টির দিক থেকে সুষম খাবার খায়, পরিবারগুলোর উচিত তা নিশ্চিত করা। পরীক্ষার ব্যাপারে তাদেরকে অভয় দেয়ার মাধ্যমে চাপমুক্ত করেও পরিবারের সদস্যগণ তাদের সন্তানের নৈপুণ্য বৃদ্ধিতে সাহায্য করতে পারেন। পরিবারগুলো তাদের সন্তানদের সর্বোচ্চ সচেষ্ট হতে উৎসাহিত করতে পারেন। তবে একইসাথে তারা তাদেরকে মনে করিয়ে দেবেন যে, সব প্রশ্নের উত্তর সে নাও জানতে পারে। পরিবারগুলোর কাছ থেকে তথ্যসহায়তা পেলে তা পরীক্ষার্থীর পরীক্ষার নম্বরের ওপর ইতিবাচক প্রভাব ফেলে।

আসল অলস্যাট পরীক্ষার পূর্বে পিতামাতাদের উচিত তাদের সন্তানদের সাথে অলস্যাট-এর নমুনা পরীক্ষার উপকরণগুলো পর্যালোচনা করা। শিক্ষার্থীদের পরীক্ষার বিষয়বস্তু ও কাঠামোর সাথে পরিচিত করতেই এই অনুশীলন পরীক্ষাগুলো ব্যবহার করা হয়। বিএসআরএ পরীক্ষায় শিক্ষার্থীদের যেসব মৌলিক ধারণার ওপর পরীক্ষা নেয়া হবে, পিতামাতারা সেসবও পর্যালোচনা করে দেখতে পারেন। পরীক্ষা সংক্রান্ত সকল তথ্য পিতামাতারা পড়বেন ও পর্যালোচনা করবেন। যদিও অলস্যাট নমুনা পরীক্ষা শিক্ষার্থীদের দেয়া হয়, এর লক্ষ্য আসলে আপনার ছেলেমেয়েদের পরীক্ষার অভিজ্ঞতা এবং এর কিছু কিছু বিষয়ের সাথে পরিচিত করা। অনুগ্রহ করে মনে রাখবেন যে, ছোট ছেলেমেয়েদের (২০০৭ সালে জন্ম ৪ বছর বয়সী) কাছে বৃত্ত ভরাট করে উত্তর দেয়ার প্রত্যাশা করা হয় না। পরীক্ষা পরিচালক উত্তর লিপিবন্ধ করবেন।

যদি প্রিন্সিপ্যাল বা পরীক্ষা পরিচালক, প্রিন্সিপ্যাল বা কেন্দ্রের সুপারভাইজারের মনে হয় যে কোন শিক্ষার্থী এ পরীক্ষা আগে দেখেছে বা পরীক্ষার সময় অন্য কারো কাছ থেকে সাহায্য নিয়েছে বা অন্যকে সাহায্য করেছে, তাহলে প্রিন্সিপ্যাল বা সুপারভাইজার অবশ্যই এনওয়াইসি ডিওই-এর পরীক্ষায় নকল ও পরীক্ষা বাতিল সংক্রান্ত যে শাস্তিমূলক বিধিমালা আছে তা, অবশ্যই অনুসরণ করবেন। বাতিল পরীক্ষার খাতা নম্বর প্রদানের জন্য জমা দেয়া হয় না।

মূল্যায়নের তথ্য (আগের পৃষ্ঠার পর)

বর্তমান ডিওই প্রি-কে এবং বেসরকারি স্কুল শিক্ষার্থী: পরীক্ষার দিন আপনার সন্তান যদি অসুস্থ থাকে, তাহলে অনুগ্রহ করে পরীক্ষার পরের সোমবার (212) 374-6646 নম্বরে অ্যাকাউন্টেবিলিটি সার্ভিস ডেস্কে ফোন করে অপারেটরকে আপনার যোগাযোগের তথ্য এবং যে-সাইটে আপনার সন্তানের পরীক্ষা হওয়ার কথা ছিল তার নাম বলুন। টেস্ট সাইট কোঅর্ডিনেটর পরীক্ষার নতুন তারিখ ঠিক করার জন্য যোগাযোগ করবেন। ডিওই ব্যবস্থা করার জন্য যথাসাধ্য চেষ্টা করবে।

পাবলিক স্কুল শিক্ষার্থী: আপনার সন্তান যদি পরীক্ষার দিন অসুস্থ থাকে, তাহলে আপনার সন্তানের স্কুল পরীক্ষা নেয়ার জন্য পরীক্ষাগ্রহণের তারিখগুলোর মধ্য থেকে আরেকটি দিন বেছে নেবে। এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে পরীক্ষার নতুন তারিখ ধার্য করার এখতিয়ার স্কুলের। পরীক্ষার দিন অনুপস্থিত শিক্ষার্থীর পরীক্ষা সে স্কুলে ফিরে আসার দিন গ্রহণ করা হতে পারে।

অলস্যাট এবং বিএসআরএ পরীক্ষার উপরিচিত্র

অলস্যাট তৈরি হয়েছে শিক্ষাগত সাফল্যের সাথে সবচেয়ে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত উচ্চারিত শব্দ, পরিমাণ ও আকৃতিগত যুক্তিপ্রয়োগের দক্ষতা পরিমাপ করার জন্য। এসব কাজের মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য শনাক্ত করা, শব্দ ও নম্বর স্মরণ করা, শব্দের অর্থ বলা, নির্দেশ অনুসরণ করা, শ্রেণিবদ্ধ করা, ক্রম অনুযায়ী কিছু সাজান, অঙ্কের সমস্যা সমাধান করা এবং তুলনা করার বিষয়গুলো রাখা হয় কেননা এগুলো একজন ব্যক্তির যুক্তিপ্রয়োগ ক্ষমতার যথার্থ মাপকাঠি হিশেবে প্রমাণিত হয়েছে।

অলস্যাট ছেলেমেয়ের প্রবণতার সাথে সংশ্লিষ্ট জ্ঞানগত সামর্থ্য বিচার করে। এসব পরীক্ষা শিক্ষার্থীর চিন্তন দক্ষতা (অলসাট) মূল্যায়ন করে এবং বিভিন্ন ধরনের যুক্তিধর্মী কাজ করায় শিক্ষার্থীর তুলনামূলক শক্তি ও দুর্বলতা কতখানি সে-বিষয়েও ধারণা দেয়।

অলস্যাট – ভারবাল এবং নন-ভারবাল সেকশন: অলস্যাটে ছেলেমেয়েদের চারটি ক্লাস্টারে (বিষয়) পরীক্ষা নেয়া হবে: উচ্চারিত শব্দের বোধগম্যতা, মৌখিক যুক্তিপ্রয়োগ, চিত্র ব্যবহার করে যুক্তিপ্রয়োগ এবং আকৃতির মাধ্যমে যুক্তিপ্রয়োগ। মৌখিক যুক্তিপ্রয়োগের প্রসঙ্গগুলো কথা বলায় সক্ষমতা বুঝায় না। সব প্রশ্নই মাল্টিপল চয়েস (অনেক উত্তর থেকে সঠিক উত্তর বাছাই করা)।

ভারবাল (বাচিক/কথ্য) অংশ (ভারবাল কমপ্রিহেনশন, ভারবাল রিজনিং)) একজন শিক্ষার্থীর সুগ্রাহী ভাষা দক্ষতা (মনোযোগ দিয়ে শোনা, পরীক্ষাগ্রহণকারীর নির্দেশ অনুসরণ করা এবং কথা বোঝা) পরিমাপ করে। অলস্যাটের ভারবাল রিজনিং-এর বিষয়গুলোর সাথে কথা বলার সামর্থ্যের কোন সম্পর্ক নেই।

নন-ভারবাল অংশ (পিকটোরিয়াল রিজনিং, ফিগারাল রিজনিং) শিক্ষার্থীর দৃশ্যসংক্রান্ত, পারিসরিক ও আঙ্গিক বোধগম্যতা পরিমাপ করে।

ভারবাল	ভারবাল কমপ্রিহেনশন (উচ্চারিত শব্দের বোধগম্যতা)	ভাষা শুনে তথ্য প্রয়োজন মাফিক ব্যবহার করার বা সাড়া দেয়ার সামর্থ্য, অর্থাৎ নির্দেশ অনুসরণের ক্ষমতা পরিমাপ করে।
	ভারবাল রিজনিং (মৌখিক যুক্তিপ্রয়োগ)	ভাষার মাধ্যমে বৈশিষ্ট্য ও সম্পর্ক বোঝা এবং সমস্যা সমাধানের সামর্থ্য, অর্থাৎ শ্রুতি ও হিসাবগত যুক্তিবোধ বিচার করে।
নন-ভারবাল	পিকটোরিয়াল রিজনিং (চিত্র ব্যবহার করে যুক্তিপ্রয়োগ)	চিত্রে উপস্থাপন, যেমন ছবির প্রকারভেদ, ছবি দিয়ে তুলনা, পরস্পর সম্পর্কিত ছবি ব্যবহার করে যুক্তিপ্রয়োগের ক্ষমতা বিচার করে।
	ফিগারাল রিজনিং (আকৃতির মাধ্যমে যুক্তিপ্রয়োগ)	ভাষার সহায়তা ছাড়াই, যেমন আকৃতির প্রকারভেদ, আকৃতিগত তুলনা, নকশার বিন্যাস এবং পরস্পর সম্পর্কিত নকশা দেখে যুক্তিপ্রয়োগ করার ক্ষমতা বিচার করে।

বিএসআরএ: বিএসআরএ স্কুলের জন্য প্রস্তুতি হিশেবে শিক্ষার্থীর বিষয়গত ধারণা এবং ভাষা বোঝার দক্ষতা মূল্যায়ন করে। ব্র্যাকেন বেসিক কনসেপ্ট স্কেল (বিবিসিএস) এর প্রথম ছটি সাবসেট বিবেচনা করে। যেহেতু বিবিসিএস (১১টি সাবসেট) ও বিএসআরএ (৬টি সাবসেট) এর মোট নম্বরের মধ্যে ব্যাপক পারস্পরিক সম্পর্ক রয়েছে, ডিওই অলস্যাটের সাথে সংক্ষিপ্ত বিএসআরএ পরীক্ষা নেবে।

অলস্যাট এবং বিএসআরএ পরীক্ষার উপরিচিত্র (আগের পৃষ্ঠার পর)

বিএসআরএ (আগের পাতার পর): নিচে ছয়টি অংশের সংজ্ঞা দেয়া হয়েছে:

রঙ:	শিক্ষার্থীর রঙ চেনা ও রঙের ধারণা পরিমাপ করে।
অক্ষর:	শিক্ষার্থীর বড় হাতের ও ছোট হাতের অক্ষরের ধারণা পরিমাপ করে।
সংখ্যা/গণনা:	শিক্ষার্থীর এক ও দুই রাশিবিশিষ্ট সংখ্যা চেনার ক্ষমতা পরিমাপ করে এবং জিনিস গণনা করে সঠিকভাবে বলার ক্ষমতার পরীক্ষা নেয়।
আকার:	লম্বা, দীর্ঘ, হ্রস্ব, বড়, ছোট ও মোটা ইত্যাদি শব্দ সম্পর্কে শিক্ষার্থীর ধারণা ও চেনার ক্ষমতা পরিমাপ করে।
তুলনা:	এক/একাধিক বৈশিষ্ট্যের ভিত্তিতে বিভিন্ন বস্তুর মধ্যে মিল বা পার্থক্য নির্ণয়ের সক্ষমতা যাচাই করে।
আকৃতি:	এক, দুই বা ত্রিমাত্রিক আকৃতি বোঝায় শিক্ষার্থীর সক্ষমতা পরিমাপ করে।

শিক্ষার্থীদের সক্ষমতা যাচাইয়ে অলস্যাট ও বিএসআরএ প্রকাশকগণ কোন্ মান ব্যবহার করেন?
উঁচুমান এবং নারী/পুরুষ ও জাতিগত/জাতি শ্রেণিসহ বিশেষ কোন উপদলীয় জনগোষ্ঠীর প্রতি পক্ষপাতহীনতা নিশ্চিতকরণে অলস্যাট পরীক্ষার প্রতিটি প্রশ্ন শিক্ষাবিদ, বিশেষজ্ঞ পরীক্ষক ও মনোবিজ্ঞানীরা খুঁটিয়ে খুঁটিয়ে নিরীক্ষণ করে থাকেন। প্রশ্নগুলো স্বচ্ছতা, বিষয়-সঙ্গতি, নির্ভুল উত্তরের সঠিকতা, বিকল্প উত্তরসমূহের সম্ভাব্যতা, ব্যবহৃত শব্দাবলির যথার্থতা, অনড় ধারণা বা পক্ষপাতদুষ্টতা না থাকা, এবং সার্বিক মানের বিষয়টি যাচাই করে।

প্রত্যেক বয়স গ্রুপ ও প্রত্যেক সাবসেটের জন্য দুর্বোধ্যতা, নির্ভরযোগ্যতা, যথার্থতা, পক্ষপাতদুষ্টতা, বুদ্ধিভ্রষ্ট করার মত বিষয়গুলোর কার্যকারিতা ও বৈষম্য নিরূপণে বিএসআরএ-এর সকল বিষয় পরিসংখ্যানগতভাবে বিশ্লেষণ ও মূল্যায়ন করা হয়।

উভয় পরীক্ষারই নির্ভরযোগ্যতা ও গ্রহণযোগ্যতা সমীক্ষা পরিচালনা করা হয়েছে এবং উভয় পরীক্ষারই নির্ভরযোগ্যতা ও গ্রহণযোগ্যতার ব্যাপক প্রমাণ রয়েছে। নির্ভরযোগ্যতার অর্থ পরীক্ষার নম্বরের নির্ভুলতা ও সূক্ষ্মতা। পরীক্ষাটি পরিমেয় বিষয়গুলোকে কতটা পরিমাপ করে, বৈধতা সে কথাই প্রকাশ করে।

টেস্ট পরিচালনার ক্ষেত্রে আপিল প্রক্রিয়া

পরিবারসমূহ যদি কোন পরীক্ষা গ্রহণের ব্যাপারের সমস্যা সম্পর্কে অভিযোগ করতে চান, **পরীক্ষা নেয়ার ৪৮ ঘণ্টার মধ্যে সমস্যার কথা লিখিতভাবে জানাতে হবে।**

সমস্যার কথা পত্র বা ইমেইলযোগে পরীক্ষাগ্রহণের ৪৮ ঘণ্টার মধ্যে ডিভিশন অব পারফরমেন্স অ্যান্ড অ্যাকাউন্টিবিলিটি রিসোর্সেস-এ দায়ের করতে হবে:

DAPS, G&T Test Administration
52 Chambers Street, Room 309
New York, NY 10007
OAServicedesk@schools.nyc.gov

পরীক্ষা সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে অ্যাকাউন্ট্যাবিলিটি অফিসের সার্ভিস ডেস্কে 212-374-6646 নম্বরে ফোন করুন।

পরীক্ষায় নম্বরপ্রদান

অলস্যাট ও বিএসআরএ উপকরণগুলো, যা প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষাবিদেরা পরিচালনা করে থাকেন, স্ক্যান করা ও নম্বর দেয়ার জন্য পিয়ারসন অ্যাসেসমেন্ট এর কাছে পাঠানো হয়।

নম্বর হিসাব: একটি সার্বিক পার্সেন্টাইল স্কোর নিরূপণের জন্য অলস্যাট ও বিএসআরএ পরীক্ষার নম্বর যোগ করা হবে। শিক্ষার্থীর ওলস্যাটে পাওয়া নম্বরের ৭৫% এবং বিএসআরএ পরীক্ষায় পাওয়া নম্বরের ২৫% নিয়ে পূর্ণাঙ্গ গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড পার্সেন্টাইল স্তর নির্ধারণ করা হবে।

পার্সেন্টাইল র‍্যাংক কী?
পার্সেন্টাইল র‍্যাংক সমবয়সী অন্যান্য শিক্ষার্থীর তুলনায় একজন শিক্ষার্থীর আপেক্ষিক অবস্থান দেখায়। পার্সেন্টাইল আর কত পার্সেন্ট শুদ্ধ, এক কথা নয়। পার্সেন্টাইল র‍্যাংক কোন একটি নির্দিষ্ট গ্রুপে শিক্ষার্থীদের অবস্থান নির্দেশের জন্য উপযোগী, তবে দুই বা ততোধিক শিক্ষার্থীর মধ্যে পার্থক্য নির্দেশের জন্য ব্যবহার করা উচিত নয়।

পার্সেন্টাইল র‍্যাংক শিক্ষার্থীর বয়সের ভিত্তিতে প্রণয়ন করা হয়; প্রত্যেক শিক্ষার্থীকে তিনমাসের অভিন্ন বয়স-সীমার আওতায় তুলনা করা হয়। ফলে পার্সেন্টাইল র‍্যাংক সমবয়সী অন্যান্য শিক্ষার্থীর তুলনায় একজন শিক্ষার্থীর আপেক্ষিক অবস্থান দেখায়, গ্রেডের ভিত্তিতে দেখায় না।

তৃতীয় গ্রেডের জন্য আবেদনকারী ২০০৩ ও ২০০৪ সালে জন্ম শিক্ষার্থীদের জন্য বিশেষ দ্রষ্টব্য: অলস্যাট ও বিএসআরএ পরীক্ষা দেয়া দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থীরা ক্লাসরুমে বেশি সময় পেয়েছে এবং সব প্রাথমিক প্রস্তুতিগত দক্ষতা (রং, অক্ষর, নম্বর/গণনা, মাপ, তুলনা এবং আকৃতি) অর্জন করেছে বলে প্রত্যাশা করা হয়। এগুলো বিএসআরএ-তে যাচাই করা হয়। দ্বিতীয় গ্রেডের শিক্ষার্থীরা যখন এসব বিষয়ে পরিপূর্ণ দক্ষতা (বিএসআরএ-তে ৮৮/৮৮) প্রদর্শন করে তখন ডিওই যোগ্যতা নিরূপণে শুধু অলস্যাট স্কোর বিবেচনা করবে।

আপনি যেভাবে ফল জানবেন: পরীক্ষা গ্রহণ ও স্কোর প্রদানের পর পরিবারগুলো ইমেইলে এবং ইউএসপিএস মেইল উভয় মাধ্যমেই একটি স্কোর রিপোর্ট লাভ করবেন। আপনি যদি শুধু ব্যক্তিগতভাবে আবেদন করে থাকেন, তাহলে ইউএসপিএস মেইলে আপনাকে ফল জানান হবে। এজন্য ডিওই-র কাছে আপনার হালনাগাদ ঠিকানা থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

যেসব শিক্ষার্থী ৯০তম বা তার ওপরের পার্সেন্টাইলে নম্বর পাবে, তারা জিঅ্যান্ডটি কর্মসূচির জন্য আবেদনপত্র পাবে।

ঠিকানা পরিবর্তন: রিকোয়েস্ট ফর টেস্টিং ফরম জমাদানের পর যদি আপনার ঠিকানা পরিবর্তন হয়, তাহলে মনে করে আপনার বাড়ির ঠিকানার তথ্য হালনাগাদ করুন:

- আপনার সন্তান যদি বর্তমানে নিউ ইয়র্ক সিটির কোনো পাবলিক স্কুলে ভর্তি থাকে, তাহলে নিশ্চিত করুন যে নতুন ঠিকানা আপনার সন্তানের স্কুলেও হালনাগাদ করা হয়েছে।
- আপনার সন্তান যদি বর্তমানে নিউ ইয়র্ক সিটির কোনো পাবলিক স্কুলে ভর্তি **না** থাকে এবং আপনি যদি অনলাইনে আরএফটি ফরম জমা দেন, তাহলে যে কোনো সময় অনলাইনে আপনার তথ্য হালনাগাদ করতে পারেন।
- আপনার সন্তান যদি বর্তমানে নিউ ইয়র্ক সিটির কোনো পাবলিক স্কুলে ভর্তি না থাকে এবং আপনি যদি কাগজে ছাপা আরএফটি ফরম জমা দেন, তাহলে ডেটাবেজে আপনার তথ্য হালনাগাদ করতে 718-935-2009 নম্বরে অফিস অব গিফটেট এন্ড ট্যালেন্টেড প্রোগ্রামস-এ ফোন করে আপনার তথ্য হালনাগাদ করে নিন।

যোগ্যতা

ডিস্ট্রিক্ট জিঅ্যান্ডটি কর্মসূচির জন্য প্রয়োজনীয় যোগ্যতা

১. আপনার সন্তানকে ৯০ বা আরও বেশি পার্সেন্টাইল নম্বর পেতে হবে।

২. আরএফটি জমা দেয়া এবং আবেদন উভয় ক্ষেত্রেই আপনার সন্তানকে অবশ্যই বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে বসবাসরত হতে হবে।

দ্রষ্টব্য: উপরের মাপকাঠি অনুযায়ী ডিস্ট্রিক্ট কর্মসূচির জন্য যোগ্য শিক্ষার্থীরা শুধু তাদের বসবাসের ডিস্ট্রিক্টে আসন পাবে, যদি না কোন বিশেষ পরিস্থিতি থাকে। ডিওই চেষ্টা করবে প্রতি ডিস্ট্রিক্টে কমপক্ষে একটি করে জিঅ্যান্ডটি কর্মসূচি রাখতে এবং প্রয়োজনে শিক্ষার্থীদের আসন দেয়ার জন্য নতুন ক্লাস ও কর্মসূচি চালু করতে পারে। তবে, যেসব ক্ষেত্রে নিশ্চিত আসনপ্রার্থীর সংখ্যা ও কর্মসূচির সংখ্যা অভিন্ন হবে না, সেসব ডিস্ট্রিক্টের শিক্ষার্থীদের পার্শ্ববর্তী ডিস্ট্রিক্টগুলোতে এক বা একাধিক কর্মসূচি বেছে নেবার সুযোগ দেবে।

যোগ্যতা (আগের পৃষ্ঠার পর)

সিটিব্যাপী জিঅ্যান্ডটি কর্মসূচির জন্য প্রয়োজনীয় যোগ্যতা

১. আপনার সন্তানকে ৯৭ বা আরও বেশি পার্সেন্টাইল নম্বর পেতে হবে।

২. আরএফটি জমা দেয়া এবং আবেদন উভয় ক্ষেত্রেই আপনার সন্তানকে অবশ্যই বর্তমানে নিউ ইয়র্ক সিটিতে বসবাসরত হতে হবে।

যেসব শিক্ষার্থী ৯৭ বা আরও বেশি পার্সেন্টাইল নম্বর পায় তারা সিটিব্যাপী **এবং** নিজ ডিস্ট্রিক্টের কর্মসূচির জন্য যোগ্য। সিটিব্যাপী জিঅ্যান্ডটি স্কুল পাঁচ বরোর সকল যোগ্য শিক্ষার্থীকে পরিষেবা দিয়ে থাকে। তবে, শিক্ষার্থীর সিটিব্যাপী জিঅ্যান্ডটি কর্মসূচিতে আসনলাভের কোন নিশ্চয়তা নেই। এসব কর্মসূচিতে খালি আসনসংখ্যার চেয়ে যোগ্য শিক্ষার্থীর সংখ্যা বেশি হবে।

আসন দেয়ার তথ্য

ভাইবোনের অগ্রাধিকার, নম্বর (পার্সেন্টাইল র‌্যাঙ্ক), পারিবারিক অগ্রাধিকার (কর্মসূচি বাছাই ক্রম) এবং লভ্য আসনের ওপর ভর্তি নির্ভর করে। শুধু সেসব স্কুলেই শিক্ষার্থীদের আসন দেয়া হবে যাদের আসন খালি আছে।

একটি এলিমেন্টারি স্কুলে বর্তমানে ভর্তি শিক্ষার্থীদের যোগ্য ছোট ভাইবোন আগে আসন পাবে। একটি স্কুলে ভাইবোনের অগ্রাধিকার লাভের জন্য বিবেচিত হতে হলে আবেদনকারীদের অবশ্যই কোন বড় ভাইবোন উক্ত স্কুলটিতে কে থেকে ৪ গ্রেডে ভর্তি বা নিবন্ধিত থাকতে হবে। স্কুলকে অবশ্যই ভাইবোনের তথ্যের সত্যতা যাচাই করতে হবে। ২০১২ সালের সেপ্টেম্বরে এলিমেন্টারি স্কুলের গ্রেডগুলোতে কে থেকে ৫ম) ভাইবোনের ভর্তি অব্যাহত থাকবে। ভাইবোন যদি ২০১২ সালের সেপ্টেম্বরে অন্য একটি স্কুলে চলে যায় যেমন, মিডল স্কুল), তাহলে সেই ভাইবোনের অগ্রাধিকার লাভেল কোন গ্যারান্টি নেই।

যোগ্য ভাইবোনের পর সবচেয়ে বেশি স্কোর করা শিক্ষার্থীকে আসন দেয়া হবে। যদি খালি আসনের চেয়ে একটি নির্দিষ্ট স্কোরগ্রুপে বেশি শিক্ষার্থী থাকে, তাহলে র‌্যানডম লটারিতে আসন নির্ধারণ করা হবে।

যমজ এবং একত্রে জন্ম দুইয়ের অধিক সন্তানদের একত্রে স্থান দেয়া হবে যদি তাদের সবাই কর্মসূচির জন্য যোগ্য হয়। বেশি নম্বর পাওয়া ভাইবোনকে উপরে বর্ণিত নিয়ম অনুসারে কর্মসূচির সাথে মানানসই করা হয়।

আপনি যদি আপনার সন্তানকে তার ভাইবোনদের স্কুলের জিঅ্যান্ডটি কর্মসূচিতে ভর্তি করাতে চান এবং সেটাই যদি আপনার প্রধান অগ্রাধিকার হয়, তাহলে আমরা আপনাকে প্রথম পছন্দ হিসেবে আপনার সন্তানের ভাইবোনের স্কুলের নাম প্রদান করতে উৎসাহিত করব। আপনি যদি অন্য জিঅ্যান্ডটি কর্মসূচিকে ভাইবোনের স্কুলের চেয়ে অগ্রাধিকার দেন, তাহলে আপনার সন্তানকে তার ভাইবোনের স্কুলে ভর্তি নাও করা হতে পারে।

আপনার সন্তানের বর্তমান স্কুলে অথবা আপনার সন্তানের জোনভুক্ত স্কুলে জিঅ্যান্ডটি কর্মসূচি থাকা আপনার সন্তানের আসন পাওয়া নিশ্চিত করে না। ডিস্ট্রিক্ট জিঅ্যান্ডটি কর্মসূচিগুলো ডিস্ট্রিক্টের সব শিক্ষার্থীকে পরিসেবা দেয় এবং সব যোগ্য শিক্ষার্থীকে উপরে বর্ণিত মাপকাঠি অনুসারে আসন দেয়া হয়: ভাইবোনের অগ্রাধিকার, টেস্ট স্কোর (পার্সেন্টাইল র‌্যাংক), পরিবারের পছন্দ, এবং খালি আসন।

শিক্ষার্থীদের জন্য জিঅ্যান্ডটি কর্মসূচিতে নিশ্চিত আসন আছে কি?
যেসব শিক্ষার্থী কিন্ডারগার্টেন বা গ্রেড ১ আসনের জন্য আবেদন করবে এবং আবেনপত্রে উল্লিখিত সকল ডিস্ট্রিক্ট অপশনে বাছাই করবে কেবলমাত্র তারাই জি এন্ডী ট কমর্সূচিতে নিশ্চিত ভর্তি প্রস্তাব পাবে। এসব আবেদনকারীদের পরে ডিস্ট্রিক্ট জিএন্ডটি কর্মসূচিতে নিশ্চিত প্রস্তাব দেওয়া হবে, যদিও তারা সিটিব্যাপি জিঅ্যান্ডটি কর্মসূচিতে ভর্তির প্রস্তাব পেতে পারে যদি তারা যোগ্য হয় এবং তাদের প্রথম পছন্দ হিসেবে সেটা বাছাই করে।

সিটিব্যাপি জিঅ্যান্ডটি কর্মসূচিতে ভর্তির নিশ্চিত কোনো প্রস্তাব নেই।

৯৯ পার্সেন্টাইল নম্বরলাভ: সবচেয়ে জনপ্রিয় জিঅ্যান্ডটি কর্মসূচিগুলো ৯৯ পার্সেন্টাইল পাওয়া যোগ্য ভাইবোনদের আসন দেয়ার *পরই* কেবল ৯৯ পার্সেন্টাইল লাভকারী অন্যান্য শিক্ষার্থীকে স্থান দেয়া হয়। তাই যেসব ৯৯ পার্সেন্টাইল পাওয়া শিক্ষার্থীর পিতামাতা তাদের জন্য লভ্য সব কর্মসূচির পরিবর্তে মাত্র অল্প কয়েকটি স্কুল পছন্দ করেন ত দের সন্তানেরা আসন নাও পেতে পারে।

২০১১ সালে ৯৯ পার্সেন্টাইল অর্জনকারী শিক্ষার্থীদের পরিসংখ্যান

আবেদনকারী গ্রেড	পরীক্ষা দেয়া শিক্ষার্থী	জিঅ্যান্ডটি আসনের জন্য যোগ্য শিক্ষার্থী	৯৯ পার্সেন্টাইল অর্জনকারী শিক্ষার্থী
K	14,088	4,028	970
1	10,611	1,942	180
2	7,811	1,022	38
3	6,980	1,106	74

যোগ্যতা ও আসন: বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

আমার সন্তান যেসব কর্মসূচির জন্য যোগ্য তার সবগুলোই আমাকে অনুক্রম হিশেবে সাজাতে হবে?
না, তা করতে হবে না আপনাকে। শুধু আপনার সন্তানকে যেসব কর্মসূচিতে ভর্তি করতে আগ্রহী সেগুলো উল্লেখ করলেই চলবে। তবে মনে রাখবেন আপনার সন্তান যদি কিন্ডারগার্টেন বা ১ম গ্রেডের নবাগত শিক্ষার্থী হয়ে থাকে এবং আপনি একটি নিশ্চিত জিঅ্যান্ডটি প্রস্তাব পেতে চান, তাহলে আপনার সন্তানের যোগ্যতা রয়েছে এমন সব ডিস্ট্রিক্ট কর্মসূচিগুলো আপনাকে অগ্রাধিকার ক্রম অনুসারে সাজাতে হবে (যেমনটি অ্যাপ্লিকেশনে উল্লিখিত হয়েছে)।

৩১ ডিসেম্বর ২০১২ সালের আগেই আমার সন্তানের বয়স হবে ৬ বছর । সে কি কিন্ডারগার্টেন জিঅ্যান্ডটি ক্লাসের যোগ্য হবে?
শিশুর জন্মতারিখের ওপর ভিত্তি করে এনওয়াইসি পাবলিক স্কুলে কোন্ গ্রেডে ভর্তি করা হবে তা নির্ধারিত হয়। ৩১ ডিসেম্বর, ২০১২ সালের মধ্যে যদি কোনো শিশুর বয়স হয় ছয় বছর (২০০৬ সালে জন্ম), তাহলে তাকে অবশ্যই স্কুলে যেতে হবে এবং সে প্রথম গ্রেডের জিঅ্যান্ডটি ক্লাসে ভর্তির যোগ্য হবে, কিন্ডারগার্টেন জিঅ্যান্ডটি আসনের জন্য নয়।

আমার দুই বা ততোধিক সন্তান যদি জিঅ্যান্ডটি কর্মসূচির জন্য আবেদন করে, তাহলে আমি কীভাবে নির্দেশ করব যে আমি চাই তারা একই স্কুলে পড়ুক?
১ থেকে ৩ গ্রেডে সীমিত আসনসংখ্যার কারণে ডিওই যমজ নয় এমন একাধিক ভাইবোনকে একত্রে আসন দেয়ার নিশ্চয়তা দিতে পারে না। আপনি যদি চান আপনার সন্তানরা একই স্কুলে পড়ুক, তাহলে প্রত্যেক সন্তানের জন্য একটি আবেদনপত্র পূরণ করুন এবং উভয়ের আবেদনপত্রে একই পছন্দক্রমে একই স্কুলের নাম লিখুন। আবেদনপত্রের 'ভাইবোন' সেকশনে আপনাকে অবশ্যই ভাইবোনের তথ্য পূরণ করতে হবে। যেসব পিতামাতা অনলাইনে একাধিক সন্তানের জন্য অ্যাপ্লিকেশন পূরণ করছেন তাদের আবেদনপত্রগুলো ইলেকট্রনিক্যালি পরস্পর সম্পর্কিত হবে। আপনার ছেলেমেয়েরা যদি ভিন্নভিন্ন কর্মসূচিতে ভর্তির প্রস্তাব লাভ করে তাহলে আপনি আপনার স্থানীয় এনরালমেন্ট অফিসে (২য় পৃষ্ঠায় উল্লিখিত) গিয়ে একটি প্লেসমেন্ট এক্সেপশন রিকোয়েস্ট (পিইআর) জমা দিতে পারেন।

আমার দুই বা ততোধিক সন্তান জিঅ্যান্ডটি কর্মসূচির জন্য পরীক্ষা দিয়েছিল। কিন্তু একজন যোগ্যতা অর্জন করেছে। আমি এরপরও তাদের একস্কুলে ভর্তি করতে চাই। আমি কী করতে পারি?
আপনার যে-সন্তান জি অ্যান্ড টি এর জন্য যোগ্য বিবেচিত হয়নি তাকে একই স্কুলে সাধারণ শিক্ষা কর্মসূচিতে ভর্তি করাতে আপনি আসন খালি থাকা সাপেক্ষে প্লেসমেন্ট এক্সেম্পশন রিকোয়েস্ট াখিল করতে পারেন।

আমার বড় সন্তান জিঅ্যান্ডটি কর্মসূচিতে যায়। আমি আমার ছোট সন্তানকে একই স্কুলে ভর্তি করতে চাই, কিন্তু সে যোগ্যতার মান অর্জন করেনি। আমি কী করতে পারি?
ছোট ভাইবোন যদি তার বড় ভাইবোনের জিঅ্যান্ড টি কর্মসূচির যোগ্যতার মান অর্জন করতে না পারে, তাহলে আপনি আসন খালি থাকা সাপেক্ষে ওই একই স্কুলে সাধারণ শিক্ষার কর্মসূচির জন্য প্লেসমেন্ট একসেপশন রিকোয়েস্ট (ভর্তির নিয়ম শিথিলকরণের অনুরোধ, পিইআর) জমা দিতে পারেন।

আমার সন্তান যদি জিঅ্যান্ডটি প্রস্তাব না পায় বা এ বছর আমি যে প্রস্তাব পেয়েছি তা যদি আমি গ্রহণ করতে না চাই, তাহলে কি হবে?
বিরল ক্ষেত্রে অপ্রত্যাশিত কাটছাটের কারণে কিছু কিছু গিফটেট এন্ড ট্যালেন্টেড কর্মসূচিতে কিছু আসন খালি হয়। ভর্তির প্রাথমিক অগ্রাধিকার প্রস্তাব প্রদান সমাপ্ত হওয়ার পর এই আসনগুলো এই কাটছাঁট রাউন্ডের মাধ্যমে পূরণ করা হবে। কাটছাট রাউন্ডের মাধ্যমে ভর্তির প্রস্তাব দেয়া হবে সেই ছেলেমেয়েকে, যে আদৌ কোন প্রস্তাব পায়নি, অথবা যে প্রাপ্ত প্রস্তাব আগে প্রত্যাখ্যান করেছিল। ভর্তি করা হবে একই মানদণ্ডের ভিত্তিতে যা প্রাথমিক ভর্তির সময় অনুসরণ করা হয়, যেমন ভাইবোনের অগ্রাধিকার, স্কোর (পার্সেন্টাইল র‍্যাংক), পারিবারিক অগ্রাধিকার (নির্দিষ্ট কর্মসূচি বাছাই), এবং প্রাপ্ত আসন।

আমার সন্তান যদি ইতোমধ্যে ডিস্ট্রিক্ট জিঅ্যান্ডটি কর্মসূচিতে থাকে, তাহলে তাকে আবার পরীক্ষা দিতে হবে কি?
ডিস্ট্রিক্ট জিঅ্যান্ডটি কর্মসূচিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে তার বর্তমান কর্মসূচিতে থাকার জন্য পরীক্ষা দিতে হবে না। বর্তমান ডিস্ট্রিক্ট জিঅ্যান্ডটি কর্মসূচির শিক্ষার্থীদের পিতামাতারা তাদের সন্তানের সিটিওয়াইড জিঅ্যান্ডটি কর্মসূচিতে প্লেসমেন্টের জন্য তাকে আরেকবার পরীক্ষা দেয়াতে রিকোয়েস্ট ফর টেস্টিং (আরএফটি) ফরম পূরণ করতে পারেন। কোন পিতামাতা যদি তার ডিস্ট্রিক্ট জিঅ্যান্ডটি কর্মসূচিতে অধ্যয়নরত সন্তানকে সিটিওয়াইড জিঅ্যান্ডটি কর্মসূচির জন্য পরীক্ষাগ্রহণের অনুরোধ জানান এবং শিক্ষার্থী সিটিওয়াইড জিঅ্যান্ডটি কর্মসূচির জন্য অকৃতকার্য হয়, তাহলে এই রিটেস্ট স্কোর তার বর্তমান ডিস্ট্রিক্ট জিঅ্যান্ডটি স্ট্যাটাস ক্ষুণ্ণ করবে না এবং সে সেই কর্মসূচিতে থাকতে পারবে।

আমার সন্তান এক ডিস্ট্রিক্ট জিঅ্যান্ডটি কর্মসূচি থেকে আরেকটিতে বদলি হতে পারে?
আপনি এক ডিস্ট্রিক্ট জিঅ্যান্ডটি কর্মসূচি থেকে আরেকটিদে ট্রান্সফার করতে পারবেন না। তবে কোন পরিবার যদি অন্য একটি ডিস্ট্রিক্টে বসবাস শুরু করে এবং নতুন বসবাসের ডিস্ট্রিক্টে জিঅ্যান্ডটি কর্মসূচি থাকে তাহলে নতুন বসবাসের ডিস্ট্রিক্টে খালি আসন সাপেক্ষে ট্রান্সফার বিবেচনা করা হবে। ঠিকানা পরিবর্তনের জন্য ট্রান্সফারে আগ্রহী শিক্ষার্থীদের পিইআর ফাইল করতে হবে।

২০১১-২০১২ জিঅ্যান্ডটি ক্লাস আছে এমন স্কুলগুলোর তালিকা

আমার সন্তান যদি যোগ্য হয় তাহলে কী কী জিঅ্যান্ডটি কর্মসূচি আছে?

গ্রেড অনুযায়ী জিঅ্যান্ডটি কর্মসূচি সংবলিত বর্তমান স্কুলের তালিকা নিচে দেওয়া হল। X দিয়ে বোঝাচ্ছে যে ২০১১-২০১২সালে প্রদর্শিত গ্রেডের জন্য স্কুলটিতে জিঅ্যান্ডটি কর্মসূচি আছে। অনুগ্রহ করে মনে রাখুন যে ২০১১-২০১২ সালে যেসব স্কুলে জিঅ্যান্ডটি কর্মসূচি আছে, আগামী বছরও এসব স্কুলে জিঅ্যান্ডটি কর্মসূচি থাকবে। এখানে উল্লেখ নাই এমন কিছু স্কুলও ২০১১-২০১২ সালে নতুন জিঅ্যান্ডটি ক্লাস শুরু করবে।
যতজন শিক্ষার্থী যোগ্যতার শর্তাবলি পূরণ করতে পারে, তাদের সংখ্যার ওপর নির্ভর করে প্রতি বছর ডিওই ডিস্ট্রিক্টভিত্তিক প্রয়োজনীয় কর্মসূচির সংখ্যা নির্ধারণ করে। আপনার সন্তানের জন্য লভ্য কর্মসূচির পূর্ণ তালিকা জিঅ্যান্ডটি আবেদনপত্রে দেওয়া থাকবে।

বরো	ডিস্ট্রিক্ট	স্কুল কোড (ডিবিএন)	স্কুলের নাম	কে	১	২	৩
M	1	01M110	P.S. 110 Florence Nightingale	X	X	X	X
M	1	01M539*	New Explorations into Science, Technology and Math School (NEST+M)*	X	X	X	X
M	2	02M011	P.S. 011 William T. Harris	X	X	X	X
M	2	02M033	P.S. 033 Chelsea Prep	X	X	X	X
M	2	02M077	P.S. 77 Lower Lab School	X	X	X	X
M	2	02M116	P.S. 116 Mary Lindley Murray				X
M	2	02M124	P.S. 124 Yung Wing	X	X	X	X
M	2	02M130	P.S. 130 Hernando De Soto	X	X	X	X
M	2	02M198	P.S. 198 Isador & Ida Straus	X	X		
M	2	02M217	P.S./I.S. 217 Roosevelt Island	X	X	X	
M	3	03M009	P.S. 009 Sarah Anderson		X	X	X
M	3	03M163	P.S. 163 Alfred E. Smith	X	X	X	X
M	3	03M165	P.S. 165 Robert E. Simon	X	X		
M	3	03M166	P.S. 166 The Richard Rodgers School of The Arts and Technology	X	X	X	X
M	3	03M334*	The Anderson School *	X	X	X	X
M	4	04M012*	TAG Young Scholars *	X	X	X	X
M	4	04M102	P.S. 102 Jacques Cartier	X			
M	5	05M129	P.S. 129 John H. Finley	X	X	X	X
M	6	06M098	P.S. 098 Shorac Kappock				X
M	6	06M153	P.S. 153 Adam Clayton Powell	X	X	X	X
X	8	08X182	P.S. 182	X	X	X	X
X	10	10X007	P.S. 007 Kingsbridge	X	X	X	X
X	10	10X024	P.S. 024 Spuyten Duyvil	X	X	X	X
X	11	11X121	P.S. 121 Throop	X	X	X	X
X	11	11X153	P.S. 153 Hellen Keller	X	X	X	X
X	12	12X214	P.S. 214			X	X
K	13	13K003	P.S. 003 The Bedford Village	X		X	X
K	13	13K009	P.S. 009 Teunis G. Bergen	X	X	X	X
K	13	13K282	P.S. 282 Park Slope	X	X	X	X
K	14	14K132	P.S. 132 The Conselyea School	X	X	X	X
K	15	15K010	Magnet School of Math, Science and Design Technology		X	X	X
K	15	15K032	P.S. 032 Samuel Mills Sprole	X			
K	15	15K038	P.S. 038 The Pacific	X	X	X	X

*বর্তমান সিটিওয়াইড কর্মসূচি

Boro	District	School Code (DBN)	School Name	K	1st	2nd	3rd
K	15	15K230	P.S. 230 Doris L. Cohen	X	X	X	X
K	16	16K040	P.S. 040 George W. Carver				X
K	17	17K138	P.S. 138 Brooklyn			X	X
K	17	17K161	P.S. 161 The Crown	X	X	X	X
K	17	17K189	P.S. 189 Lincoln Terrace				X
K	18	18K115	P.S. 115 Daniel Mucatel School	X	X	X	X
K	18	18K276	P.S. 276 Louis Marshall				X
K	19	19K159	P.S. 159 Isaac Pitkin				X
K	19	19K677	East New York School of Excellence	X	X	X	
K	20	20K102	P.S. 102 The Bayview	X	X	X	X
K	20	20K176	P.S. 176 Ovington	X	X	X	X
K	20	20K185	P.S. 185 Walter Kassenbrock				X
K	20	20K200	P.S. 200 Benson School	X	X	X	X
K	20	20K204	P.S. 204 Vince Lombardi	X	X	X	X
K	20	20K229	P.S. 229 Dyker	X	X	X	X
K	20	20K686*	The Brooklyn School of Inquiry *	X	X	X	X
K	20	20K748	Brooklyn School for Global Scholars	X	X	X	
K	21	21K095	P.S. 095 The Gravesend	X	X	X	X
K	21	21K099	P.S. 099 Isaac Asimov	X	X	X	X
K	21	21K188	P.S. 188 Michael E. Berdy				X
K	21	21K215	P.S. 215 Morris H. Weiss	X	X	X	X
K	22	22K052	P.S. 052 Sheepshead Bay	X	X	X	X
K	22	22K152	School of Science & Technology				X
K	22	22K193	P.S. 193 Gil Hodges	X	X	X	X
K	22	22K195	P.S. 195 Manhattan Beach	X	X	X	X
K	22	22K206	P.S. 206 Joseph F Lamb			X	X
K	22	22K207	P.S. 207 Elizabeth G. Leary		X	X	X
K	22	22K236	P.S. 236 Mill Basin	X	X	X	X
K	22	22K312	P.S. 312 Bergen Beach				X
K	22	22K315	P.S. K315	X	X	X	X
K	32	32K376	P.S. 376	X		X	X
Q	24	24Q016	P.S. Q016	X	X	X	X
Q	24	24Q153	P.S. 153 Maspeth Elementary		X	X	X
Q	24	24Q229	Emanuel Kaplan	X		X	
Q	24	24Q290	P.S. 290	X	X		
Q	25	25Q021	P.S. 021 Edward Hart	X	X	X	X
Q	25	25Q032	P.S. 032 State Street	X	X	X	X
Q	25	25Q079	P.S. 079 Francis Lewis		X	X	
Q	25	25Q165	P.S. 165 Edith K. Bergtraum	X	X	X	X
Q	25	25Q209	P.S. 209 Clearview Gardens	X	X	X	X
Q	26	26Q018	P.S. 018 Winchester	X	X		
Q	26	26Q115	P.S. 115 Glen Oaks	X	X	X	X
Q	26	26Q188	P.S. 188 Kingsbury	X	X	X	X
Q	26	26Q203	P.S. 203 Oakland Gardens	X	X	X	X

*বর্তমান সিটিওয়াইড কর্মসূচি

Boro	District	School Code (DBN)	School Name	K	1st	2nd	3rd
Q	27	27Q108	P.S. 108 Captain Vincent G. Fowler	X	X	X	X
Q	27	27Q232	P.S. 232 Lindenwood	X	X	X	X
Q	28	28Q144	P.S. 144 Col Jeromus Remsen	X	X	X	X
Q	28	28Q174	P.S. 174 William Sidney Mount	X	X	X	X
Q	28	28Q220	P.S. 220 Edward Mandel	X	X	X	X
Q	29	29Q176	P.S. 176 Cambria Heights	X	X	X	X
Q	30	30Q085*	STEM* / P.S. 085 Judge Charles Vallone	X	X	X	X
Q	30	30Q122	P.S. 122 Mamie Fay	X	X	X	X
Q	30	30Q150	P.S. 150 Queens	X	X	X	X
Q	30	30Q166	P.S. 166 Henry Gradstein	X	X	X	
R	31	31R003	P.S. 003 The Margaret Gioiosa School	X	X	X	X
R	31	31R029	P.S. 029 Bardwell	X	X	X	X
R	31	31R036	P.S. 036 JC Drumgoole		X	X	
R	31	31R050	P.S. 050 Frank Hankinson	X	X	X	X
R	31	31R069	P.S. 069 Daniel D. Tompkins	X	X	X	X

*বর্তমান সিটিওয়াইড কর্মসূচি

দ্রষ্টব্য: জি অ্যান্ড টি কর্মসূচি পরিবর্তিত হতে পারে

পরিবহন

জিঅ্যান্ডটি কর্মসূচিতে আসনপ্রাপ্তি বাস সার্ভিসের নিশ্চয়তা দেয় না। জিঅ্যান্ডটি কর্মসূচি এবং সাধারণ শিক্ষার পরিবহন পরিষেবার নিয়মকানুন অভিন্ন। বিশেষভাবে, আপনার সন্তানের কর্মসূচিটি যদি আপনার আবাসিক ডিস্ট্রিক্ট থেকে ভিন্ন হয়, সে বাস পরিবহন পাবে না, তবে ডিওই আপনার সন্তানকে একটি মেট্রোকার্ড দেবে। আপনার সন্তানের কর্মসূচিটি যদি আপনার বসবাসের ডিস্ট্রিক্টে হয়, ডিওই আপনার সন্তানের গ্রেড এবং বাড়ি থেকে স্কুলের দূরত্বের ভিত্তিতে প্রথমে নিচের সারণি ব্যবহার করে আপনার সন্তানের বিনামূল্যে পরিবহন পাওয়া না-পাওয়া নির্ধারণ করা হবে।

গ্রেড স্তর	শিক্ষার্থীর বাড়ি থেকে হাঁটাপথে স্কুলের দূরত্ব		
	১/২ মাইলের কম	১/২ মাইল বা বেশি কিন্তু ১ মাইলের কম	১ মাইল বা বেশি
কে-২	অর্ধেক ভাড়ায় এমটিএ বাসের পাস	হলুদ বাস বা মেট্রো কার্ড	হলুদ বাস বা মেট্রো কার্ড
৩-৪	কোন পরিবহন দেয়া হয় না	অর্ধেক ভাড়ায় এমটিএ বাসের পাস	

আপনার সন্তানের গ্রেড এবং স্কুল থেকে দূরত্ব যদি উপরের সারণি অনুযায়ী হলুদ বাস বা মেট্রো কার্ড পাওয়ার উপযুক্ত হয়, আপনার সন্তান হলুদ বাস পাবে যদি:

১. অফিস অব পিউপিল ট্রান্সপোর্টেশন (ওপিটি)-এর কাছে স্কুল হলুদ বাসের জন্য আবেদন জানিয়ে থাকে,

2. শিক্ষার্থী তার স্কুল ডিস্ট্রিক্টেই বাস করে **এবং**

3. ডিওই সংশ্লিষ্ট শিক্ষার্থীর সাথে আরও ১০জন শিক্ষার্থীকে একই বাস রুটে পায় যে-বাস রুটের দৈর্ঘ্য ৫ মাইলের বেশি নয়।

যেসব যোগ্য শিক্ষার্থী উল্লিখিত শর্তগুলো পুরণ করে না, তারা মেট্রো কার্ড পাবে। এর অর্থ একজন যোগ্য কিন্ডারগার্টেন শিক্ষার্থী মেট্রো কার্ড পাবে যদি সে অন্য একটি ডিস্ট্রিক্টের স্কুলে যায় অথবা তার স্কুলের একমাত্র শিক্ষার্থী হয় যে স্কুলের পরিষেবাপ্রাপ্ত রুটের বাইরে এমন স্থানে বসবাস করে যেখানে আমরা ১১ শিক্ষার্থী/৫ মাইলের বাস রুট চালু করতে পারব না।

পরিবহনের ক্ষেত্রে একটা ব্যতিক্রম রয়েছে। যেসব শিক্ষার্থী সিটিব্যাপি জিঅ্যান্ডটি কর্মসূচিতে অংশগ্রহণ করছে, তাদের পরিবহনের জন্য যোগ্যতা অর্জনে স্কুলের ডিস্ট্রিক্টে বাস করার প্রয়োজন নেই; তাদেরকে অবশ্যই একই বরোর বাসিন্দা হতে হবে এবং অন্যান্য সকল নিয়মকানুন প্রযোজ্য হবে।

নির্দিষ্ট স্কুলের বর্তমান বাস স্টপ সম্পর্কিত তথ্যের জন্য অনুগ্রহ করে সরাসরি স্কুলের সাথে যোগাযোগ করুন। আরও তথ্যের জন্য

যোগ্যতা সম্পর্কিত অন্যান্য সাধারণ তথ্যের জন্য অনুগ্রহ করে নিচের ওয়েবসাইট দেখুন:
http://schools.nyc.gov/Offices/Transportation/ParentResources/GeneralEducationEligibility

আরও তথ্যের জন্য

শিক্ষার্থীর স্কোর রিপোর্ট এবং কর্মসূচির অ্যাপ্লিকেশন সম্পর্কিত সুনির্দিষ্ট তথ্য ও তারিখের জন্য অনুগ্রহ করে জিঅ্যান্ডটি ওয়েবসাইট মাঝে মাঝে চেক করুন (www.nyc.gov/schools/gt)।.

www.nyc.gov/schools/subscribe ঠিকানায় আপনি আমাদের জি অ্যান্ড টি ইমেইল লিস্টের জন্যও সাইন আপ করতে পারেন। হালনাগাদকৃত তথ্য এই তালিকাভুক্ত ঠিকানাগুলোয় পাঠিয়ে দেয়া হবে।

গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড সম্পর্কিত আরও তথ্যের জন্য অনুগ্রহ করে7 18-935-2009 নম্বরে ফোন করুন।

আমাদের কম্যুনিটি ইনফরমেশন সেসন অনুষ্ঠিত হবে সেপ্টেম্বরের শেষাশেষি এবং অক্টোবরের শুরুতে। সুনির্দিষ্ট তারিখ ও ঠিকানার জন্য অনুগ্রহ করে উপর্যুক্ত ওয়েবসাইট দেখুন অথবা নম্বরে ফোন করুন।